ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়

৩৩ বর্ষ ১৮তম সংখ্যা ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) ১৫ আশ্বিন ১৪২৬, ৩০ সেপ্টেম্বর ২০১৯

অনিয়ম, অস্বচ্ছতা ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করতে হবে - উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জীবনের সকলক্ষেত্রে সততা ও সত্যের পথ অনুসরণের জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, অনিয়ম, অস্বচ্ছতা ও দুর্নীতির বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করতে হবে। গত ১৯ সেপ্টেম্বর ২০১৯ টিএসসি মিলনায়তনে '৪র্থ জাতীয় ক্ষুদে গবেষক' সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। বেসরকারি সংগঠন 'চিন্তার চাষ' এই সম্মেলনের আয়োজন করে।

চিন্তার চাষের চেয়ারম্যান শফিকুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ জামান এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। চিন্তার চাষের নির্বাহী পরিচালক এসএম মেসবাহ উর রহমান স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বর্তমান যুগকে উদ্ভাবন ও সৃজনশীলতার যুগ হিসেবে বর্ণনা করে বলেন, তরুণদের ইচ্ছা, সাহস, অনুসন্ধিৎসা ও উদ্দীপনাকে কাজে লাগিয়ে সুন্দর সমাজ বিনির্মাণ করতে হবে।

উল্লেখ্য, দিনব্যাপী জাতীয় ক্ষুদে গবেষক সম্মেলনে দেশের বিভিন্ন স্কুলের সপ্তম থেকে দশম শ্রেণীর শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে বাংলা বিভাগের ৭৩জন শিক্ষার্থীকে বিশেষ বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের ৭৩ জন শিক্ষার্থীকে বিশেষ বৃত্তি ও বই প্রদান করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন উপলক্ষ্যে গত ২৩ সেপ্টেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে এই বৃত্তি প্রদান করা হয়। বাংলাদেশ আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ উপ কমিটি এই অনুষ্ঠানের আয়োজন করে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের শিক্ষার্থী ছিলেন।

বাংলাদেশ আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ উপ কমিটির চেয়ারম্যান এ এফ এম ফখরুল ইসলাম মুন্সির সভাপতিত্বে অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম, জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান ও বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাংলাদেশ আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ উপ কমিটির সদস্য সচিব সুজিত রায় নন্দী অনুষ্ঠান সঞ্চালন করেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

আগামী ১৫ অক্টোবর ঢাবি শোক দিবসের কর্মসূচি

আগামী ১৫ অক্টোবর ২০১৯ মঙ্গলবার ভাবগম্ভীর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোক দিবস পালিত হবে। ১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় যে সকল ছাত্র, কর্মচারী ও অতিথি নিহত হয়েছেন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য প্রতি বছর এই দিবসটি পালন করা হয়।

দিবসটি পালন উপলক্ষ্যে গত ১৯ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উপাচার্য দফতর সংলগ্ন অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট এবং বিশ্ববিদ্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'গ' ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফল গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ প্রকাশিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করেন। এসময় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও গ-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

শিক্ষার গুণগত মানোন্নয়ন বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে "Introduction to Institutional Quality Assurance Cell" শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা গত ২৯ সেপ্টেম্বর ২০১৯ রবিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। (৩য় পৃষ্ঠায় দেখুন)

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ২৯ সেপ্টেম্বর ২০১৯ রবিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আইকিউএসি আয়োজিত দিনব্যাপী কর্মশালা উদ্বোধন করেন।

ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে গত ২৮ সেপ্টেম্বর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্রে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই বর্ণাঢ্য আয়োজনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ,জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীর বিক্রম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী, অ্যালমনাই অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহীসহ অ্যালমনাই অ্যাসোসিয়েশনের সাবেক ও বর্তমান নেতৃবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল, বিভাগ ও ইনিস্টিটিউট অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালন করেন অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের কৃতী অ্যালামনাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিনে তাঁকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফল নেতৃত্বের কারণে বাংলাদেশে অসাধারণ উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রয়েছে। একারণে তিনি আন্তর্জাতিক মণ্ডলে ব্যাপকভাবে প্রশংসিত হচ্ছেন এবং বিভিন্ন উপাধি ও অ্যাওয়ার্ড অর্জন করে যাচ্ছেন।

উপাচার্য অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭১তম প্রতিষ্ঠাবার্ষিকীতে সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকাণ্ডে সম্পৃক্ত থেকে বিশ্ববিদ্যালয়ের অগ্রযাতায় অ্যালামনাই অ্যাসোসিয়েশন গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। আগামীতেও তাদের এই সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়। পরে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদের সভাপতিত্বে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে 'আলমামেটার-এর প্রতি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের দায়বদ্ধতা' শীর্ষক আলাচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বিশিষ্টজন বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শেষ পর্বে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রজনন স্বাস্থ্য বিষয়ক দিনব্যাপী জাতীয় সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগ এবং এসএনভি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট অর্গানাইজেশন-এর যৌথ উদ্যোগে "Sexual and Reproductive Health and Rights (SRHR)" শীর্ষক দিনব্যাপী এক জাতীয় সম্মেলন গত ১৭ সেপ্টেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সম্মেলন উদ্বোধন করেন।

পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান মেহের আফরোজ চুমকি এমপি প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডস-এর রাষ্ট্রদূত হ্যারি ভারওয়েজ, ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশনের কান্ট্রি ডিরেক্টর তৌমু পোটিনেন ও এসএনভি নেদারল্যান্ডস্ ডেভেলপমেন্ট অর্গানাইজেশন-এর কান্ট্রি ডিরেক্টর জেসোন বেলেঞ্জার বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। যুক্তরাষ্ট্রের জন হপকিন্স ব্লুমবার্গ স্কুল অব পাবলিক হেল্থ-এর অধ্যাপক ড. হালিদা হানুম আক্তার মূল প্রবন্ধ উপস্থাপন করেন। পপুলেশন সায়েন্সেস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিল্লাল হোসেন স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গার্মেন্টস শিল্পে নারী শ্রমিকদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে সমন্বিত প্রচেষ্টা চালানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠান, গার্মেন্টস শিল্পসহ প্রত্যেক কর্মস্থানে নারীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে জনসচেতনতা সৃষ্টির ওপর তিনি গুরুত্বারোপ করেন।

ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহকে সংবর্ধনা প্রদান

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)'র চেয়ারম্যান হিসেবে নিয়োগ লাভ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগ গত ২২ সেপ্টেম্বর ২০১৯ অধ্যাপক সিরাজুল ইসলাম লেকচার হলে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামালের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি এবং ইতিহাস বিভাগ এলামনাই এসোসিয়েশনের সভাপতি মোহন খান সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ'র সংক্ষিপ্ত জীবনী পাঠ করেন ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক মিসেস মৃত্তিকা সহিতা। আলোচনায় অংশ নেন অধ্যাপক ড. নূরুল হুদা আবুল মনসুর।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নব-নিযুক্ত ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহকে অভিনন্দন জানিয়ে বলেন, দেশের উচ্চশিক্ষার বিস্তার ও আধুনিকায়নে তিনি অনন্য অবদান রেখে চলেছেন। সততা, উদারতা ও মানবিকতা তার চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। নতুন প্রজন্মকে তার জীবন ও কর্ম থেকে শিক্ষা নিতে হবে। কৃতী এই শিক্ষাবিদের আদর্শ অনুসরণ করে সকলকে দেশপ্রেমিক, সৎ, বিনয়ী ও মানবিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হতে হবে।

'ইয়ুথ ইমপ্যাক্ট: আনলিশিং দি পাওয়ার অব ইয়ুথ' শীর্ষক সেমিনার

'ইয়ুথ ইমপ্যাক্ট: আনলিশিং দি পাওয়ার অব ইয়ুথ' শীর্ষক দু'দিন-ব্যাপী এক জাতীয় সেমিনার গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সেমিনারের উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগঠন 'স্টুডেন্টস্ এগেইনস্ট ভায়োলেন্স এভরিহোয়ার (সেভ)'-এর উদ্যোগে এই সেমিনার অনুষ্ঠিত হচ্ছে।

সেভ ইয়ুথ-এর মডারেটর আইনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন অধ্যাপক ড. রওনক জাহান, এ্যাম্বাসেডর (অব:) হুমায়ুন কবির, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. দেলোয়ার হোসেন এবং যোগাযোগ বৈকল্য বিভাগের সহকারী অধ্যাপক তাওহিদা জাহান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ন্যায় ও সততার পথ অনুসরণের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, যুবক মানেই একটি শক্তির উৎস। যুবসমাজ আমাদের গুরুত্বপূর্ণ সম্পদ। তাদের মাঝে নিহিত থাকে সততা, সাহসিকতা, উদ্দীপনা, কর্মস্পৃহা এবং ত্যাগী মনমানসিকতা। তারা তাদের উদ্যমী শক্তিকে কাজে লাগিয়ে সভ্যতার বিকাশে অবদান রাখতে সক্ষম হবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

দু'দিন-ব্যাপী এই সেমিনারের ৯টি সেশনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

লোক প্রশাসন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাবি লোক প্রশাসন বিভাগের ৪৯তম ব্যাচের নবীনবরণ ও ৪৪তম ব্যাচের বিদায় সংবর্ধনা গত ১২ সেপ্টেম্বর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাশ্বের মোনেমের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম এবং অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জালাল আহমেদ। এছাড়াও বক্তব্য দেন অধ্যাপক ড. মোসলেহ উদ্দিন আহমদ, অধ্যাপক ড. সৈয়দা লাসনা কবীর, ঢাবি লোক প্রশাসন অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি আকতার হোসেন চৌধুরী, মহাসচিব ফজলুল হক আরিফ এবং বিভাগীয় সহযোগী আধ্যাপক আবু হোসেন মুহম্মদ আহসান।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, ১৯৫২ সালের ভাষা আন্দোলন থেকে শুরু করে ১৯৭১ সালের স্বাধীনতা সংগ্রামসহ দেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয় অগ্রনী ভূমিকা পালন করেছে। তিনি বলেন, তারুন্যের শক্তি অদম্য, এই অদম্য শক্তিই পারবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে। প্রশাসনসহ দেশের বিভিন্ন ক্ষেত্রে কাজ করার সময় বঙ্গবন্ধুর জীবনাদর্শ অনুসরণ করে মানুষের সেবা করার জন্য শিক্ষার্থীদের প্রতি তিনি আহবান জানান।

প্রধানমন্ত্রীর জন্মদিন

(১ম পৃষ্ঠার পর) সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ১৯৭৫ সালের পর দেশের সবচেয়ে সফল রাষ্ট্রনায়ক ও সৎ রাজনীতিবিদ হিসেবে আখ্যায়িত করে বলেন, তিনি ভবিষ্যত প্রজন্মকে সৎ, দক্ষ ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে চান। তিনি বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে রাজনীতি করার জন্য বর্তমান প্রজন্মের ছাত্র সংগঠনের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উদ্‌যাপনের ঘটনাকে দেশের রাজনৈতিক অঙ্গনের গুণগত পরিবর্তন হিসেবে বর্ণনা করেন। তিনি বাংলা বিভাগে একটি স্থায়ী ট্রাস্ট ফান্ড গঠনের মাধ্যমে প্রতিবছর নিয়মিতভাবে এই বৃত্তি প্রদানের জন্য আয়োজকদের প্রতি আহ্বান জানান।

আগামী ১৫ অক্টোবর ঢাবি শোক দিবসের কর্মসূচি

(১ম পৃষ্ঠার পর) সভায় বিস্তারিত আলোচনা শেষে শোক দিবসের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে- ঐদিন সকাল ৬:০০টায় বিশ্ববিদ্যালয়ের সকল হল, হোস্টেল এবং প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ; সকাল ৭:৩০টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোক মিছিল সহকারে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জগন্নাথ হল স্মৃতিসৌধে গমন, পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন; সকাল ৮:০০টা থেকে ৯:০০টা পর্যন্ত অক্টোবর স্মৃতি ভবনস্থ টিভি কক্ষে আলোচনা সভা; ৯:০০টা থেকে ১০:০০টা হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মাবলম্বীদের প্রার্থনা সভা; বাদ আছর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিআ সহ বিভিন্ন হলের মসজিদে নিহতদের আত্মার শান্তি কামনা করে মোনাজাত; সকাল ১০:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাপনায় নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শন; সকালে জগন্নাথ হল প্রাঙ্গণে রক্তদান কর্মসূচি এবং সন্ধ্যা ৬:৩০টায় জগন্নাথ হল উপাসনালয়ে ভক্তিমূলক গানের অনুষ্ঠান, শোক সঙ্গীত ও কবিতা আবৃত্তিসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হবে। এছাড়া, দিবসটি উপলক্ষ্যে "অক্টোবর স্মৃতি রচনা প্রতিযোগিতা" ও "অক্টোবর স্মৃতি চিত্রাঙ্কণ প্রতিযোগিতা"-এর আয়োজন করা হবে।

'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

(১ম পৃষ্ঠার পর) গ-ইউনিটের ভর্তি পরীক্ষায় ২৮,১৬৯জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৪,৩৬২জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাশের হার ১৫.৪৯%। পরীক্ষার বিস্তারিত ফলাফল admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU GA <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করে ফিরতি SMS-এ ফলাফল জানা যাবে।

উল্লেখ্য, গত ১৩ সেপ্টেম্বর ২০১৯ শুক্রবার এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিজনেস স্টাডিজ অনুষদের অধীন গ-ইউনিটে মোট আসন সংখ্যা রয়েছে ১,২৫০টি।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ১ থেকে ১২৫০ মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী ২৯ সেপ্টেম্বর থেকে ৯ অক্টোবর ২০১৯ পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ২৯ সেপ্টেম্বর থেকে ৬ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে উক্ত সময়ের মধ্যে ডিন অফিসে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ২৯ সেপ্টেম্বর থেকে ৬ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

বিশ্ব পর্যটন দিবস পালিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ-এর উদ্যোগে গত ২৭ সেপ্টেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'বিশ্ব পর্যটন দিবস' পালিত হয়েছে। এ উপলক্ষ্যে বিজনেস স্টাডিজ অনুষদ মিলনায়তনে 'Tourism & Job: A better future for all' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন বিভাগীয় অধ্যাপক ড. মো. আফজাল হোসেন, পরিকল্পনা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আখতারুজ্জামান খান কবির এবং বিভাগীয় সহকারী অধ্যাপক ড. সন্তোষ কুমার দেব।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, পর্যটন শিল্প একটি উদ্ভাবনী ক্ষেত্র। বিশ্বব্যাপী পর্যটন খাতে প্রতিনিয়ত উন্নয়ন ও সম্প্রসারণ হচ্ছে। এই শিল্পে গুণগত মানের সেবা দিতে হলে দরকার দক্ষ লোকবল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ বাংলাদেশে এই শিল্পের বিকাশে ও দক্ষ লোকবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, এ বছর বিশ্বের ১৫৮টি দেশের সাথে তাল মিলিয়ে বাংলাদেশেও বিশ্ব পর্যটন দিবস উদ্‌যাপন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবরিকালচার সেন্টারের উদ্যোগে গত ১৮ সেপ্টেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ এফ মুজিবুর রহমান গণিত ভবন চত্বরে গাছের চারা রোপনের মাধ্যমে এই কর্মসূচির উদ্বোধন করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, আরবরিকালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মিহির লাল সাহা, বৃক্ষায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির সদস্য সচিব মো. মোস্তাফিজুর রহমান এবং ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা গত ২০ সেপ্টেম্বর ২০১৯ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদসহ অন্যান্যরা পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা গত ২১ সেপ্টেম্বর ২০১৯ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেনসহ অন্যান্যরা পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ (Gha)' ইউনিটের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা গত ২৭ সেপ্টেম্বর ২০১৯ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিমসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

কোইকা প্রতিনিধিদল

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (কোইকা) কান্ট্রি ডিরেক্টর কেরি জো হিউনগু -এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন কোইকা'র ডেপুটি কান্ট্রি ডিরেক্টর মিস. আহ্‌রিয়াম গো, কর্মসূচি প্রধান মিস. মিনসিও জু এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার বিশ্বজিৎ সরকার।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশিপ সেন্টারের ভাইস-চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, নির্বাহী পরিচালক মোঃ রাশেদুর রহমান, অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশিপ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ শরিয়ত উল্লাহ, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. বি এম মইনুল হোসেন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রভাষক সাইদা আক্তার এবং ইআরডি'র উপসচিব এ এস এম মুস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা শিক্ষা ও গবেষণার উন্নয়ন এবং উদ্ভাবনী দক্ষতা অর্জনের লক্ষ্যে কোইকার আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি পাইলট প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। তারা ইনোভেশন ও এন্ট্রাপ্রেনিউরশিপের মাধ্যমে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটানোর উপর গুরুত্বারোপ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি পাইলট প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সাহায্য ও সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশের জন্য কোইকা প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান।

রাশিয়ার প্রতিনিধিদল

ঢাকাস্থ রাশিয়া দূতাবাসের কাউন্সিলর এবং রাশিয়া বিজ্ঞান ও সংস্কৃতি কেন্দ্রের পরিচালক মেক্সি ডবরোখোতভ গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় দূতাবাসের অ্যাটাচি আমাতুলা খানোভা তার সঙ্গে ছিলেন।

সাক্ষাৎকালে রাশিয়ার কূটনীতিকদ্বয় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের শিক্ষার্থীদের জন্য রুশ ভাষা ও সাহিত্য বিষয়ক কিছু বই প্রদানে আগ্রহ প্রকাশ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

মালয়েশিয়ার ভারপ্রাপ্ত হাই কমিশনার

বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার ভারপ্রাপ্ত হাই কমিশনার আমির ফরিদ আবু হাসান গত ২২ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় তাঁর সাথে মালয়েশিয়ার সারাওয়াক বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. জিন জাওয়ায়ি জাকারিয়া উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। এ সময় তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মালয়েশিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে পাম তেল, রাবার, পানি, মাটি ব্যবস্থাপনা, পরিবেশ ও অন্যান্য বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে মত বিনিময় করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অতিথিদ্বয়কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস, শিক্ষা ও গবেষণা কার্যক্রম অবহিত করেন। উপাচার্য বলেন, বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে সুদীর্ঘকাল ধরে চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজমান রয়েছে।

মালয়েশিয়ার ভারপ্রাপ্ত হাই কমিশনার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। তিনি বলেন, বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য এক অনুষ্ঠানে যোগ দিতে আগামী বছরের শুরুর দিকে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরে আসার সম্ভাবনা রয়েছে। তাঁর এই সফরকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন বিশেষ কর্মসূচি গ্রহণ করা যায় কি না, সে ব্যাপারে তিনি উপাচার্যের সাথে মত বিনিময় করেন। এ ব্যাপারে সংশ্লিষ্টদের সাথে আলোচনা সাপেক্ষে একটি কর্মসূচি গ্রহণের ব্যাপারে উপাচার্য তাঁকে আশ্বাস প্রদান করেন।

বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার ভারপ্রাপ্ত হাই কমিশনার আমির ফরিদ আবু হাসান গত ২২ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় তাঁর সাথে মালয়েশিয়ার সারাওয়াক বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. জিন জাওয়ায়ি জাকারিয়া উপস্থিত ছিলেন।

ঢাকাস্থ রাশিয়া দূতাবাসের কাউন্সিলর এবং রাশিয়া বিজ্ঞান ও সংস্কৃতি কেন্দ্রের পরিচালক মেক্সি ডবরোখোতভ গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় দূতাবাসের অ্যাটাচি আমাতুলা খানোভা তার সঙ্গে ছিলেন।

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (কোইকা) কান্ট্রি ডিরেক্টর কেরি জো হিউনগু -এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

গুরু নানকের দর্শন বিষয়ক সেমিনার

ইন্টারন্যাশনাল এসোসিয়েশন ফর রিলিজিয়াস ফ্রিডম-এর উদ্যোগে "Guru Nanak's Philosophy of Harmony and its Relevance to the present world" শীর্ষক দিনব্যাপী এক বিশেষ সেমিনার গত ৩১ আগস্ট ২০১৯ আরসি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের প্রাক্তন ডিন অধ্যাপক কে এ এম সা'দউদ্দিনের সভাপতিত্বে সেমিনারে ইন্টারন্যাশনাল শিখ সেন্টার ফর ইন্টারফেথ রিলেশন্স-এর সভাপতি ভাই নানক সিং নিস্তার বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. কাজী নূরুল ইসলাম ও সহযোগী অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম প্রবন্ধ উপস্থাপন করেন। বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের চেয়ারপার্সন ড. ফাজরীন হুদা স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, সমাজে ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠার ক্ষেত্রে গুরু নানক কার্যকর ভূমিকা পালন করে গেছেন। তিনি গুরু নানকের দর্শন থেকে শিক্ষা নিয়ে উদার, মানবিক ও অসাম্প্রদায়িক মূল্যবোধ সম্পন্ন শান্তিপূর্ণ এবং ধর্মনিরপেক্ষ সমাজ প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন।

বিশ্ব ফার্মাসিস্ট দিবস পালিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মেসী অনুষদ, ফার্মেসী বিভাগ এবং 'ঢাকা ইউনিভার্সিটি ফার্মা ক্লাব'-এর যৌথ উদ্যোগে গত ২৫ সেপ্টেম্বর ২০১৯ 'বিশ্ব ফার্মাসিস্ট দিবস' পালন করা হয়েছে। এ উপলক্ষ্যে ক্যাম্পাসে এক র‌্যালি বের করা হয়। এছাড়াও, ফার্মা অলিম্পিয়াড, পোস্টার প্রদর্শনী এবং মোকাররম হোসেন খোন্দকার ভবনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবসটির প্রতিপাদ্য ছিল `Safe and Effective Medicines for All'।

ফার্মেসী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান, 'ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ'-এর ভাইস প্রেসিডেন্ট এম মোসাদ্দেক হোসেন, 'ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন'-এর টেকনিক্যাল অফিসার মোহাম্মদ রামজি ইসমাইল এবং 'ওয়ার্ল্ড ব্যাংক'-এর সিনিয়র হেলথ স্পেশালিষ্ট ড. আইসাতো ডায়াক।

শিক্ষার গুণগত মানোন্নয়ন বিষয়ক দিনব্যাপী কর্মশালা

(১ম পৃষ্ঠার পর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালা উদ্বোধন করেন।

আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আমির হোসেন এবং অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান অনুষ্ঠানে বক্তৃতা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষা ও গবেষণার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। বিশ্ব র‌্যাংকিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান উন্নীত করতে তিনি পঠন-পাঠন পদ্ধতি, কারিকুলাম ও মূল্যায়ন পদ্ধতি আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক ও সিনিয়র শিক্ষক এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

আইআইটি'র নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের (আইআইটি) ১১তম ব্যাচের নবীনবরণ ও ৭ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. শরিফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন 'ব্রেইন স্টেশন ২৩'-এর প্রধান নির্বাহী রাইসুল কবির। অনুষ্ঠানে বিভাগীয় শিক্ষকবৃন্দ এবং বর্তমান ও সাবেক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে এ উপলক্ষ্যে প্রকাশিত স্যুভেনির-এর মোড়ক উন্মোচন করেন অতিথিবৃন্দ।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, ভারতবর্ষে জ্ঞান-বিজ্ঞান চর্চার ইতিহাস অত্যন্ত প্রাচীন। পাঠ্যপুস্তকের পাশাপাশি ইতিহাস, ঐতিহ্য এবং সাহিত্যচর্চার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বর্তমানে মানুষ স্বার্থ ও অর্থের পেছনে ছুটছে, এ থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। এখন সমাজে বিদ্বান, বিজ্ঞ বা প্রজ্ঞাবান হওয়ার চেয়ে বিশিষ্ট হওয়ার প্রবণতা দেখা যায়। যুগে যুগে তরুণরাই দেশকে এগিয়ে নিয়ে গেছে, তাই তরুণদের এব্যাপারে সচেতন থাকতে হবে। তাদের মেধা ও জ্ঞান দেশের স্বার্থে নিয়োজিত করতে হবে। তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের শিক্ষার্থীরা দেশের তথ্য প্রযুক্তি সেক্টরে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ লেকচার

ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ২০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে গত ৩ সেপ্টেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে এক বিশেষ লেকচার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। 'ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ ফাউন্ডেশন ডে ট্রাস্ট ফান্ড'-এর উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক কোঅর্ডিনেটর মিজ মিয়া সেপ্পো 'ফাউন্ডেশন ডে লেকচার' প্রদান করেন। এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম এবং বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মন। এছাড়া, বিভাগীয় চেয়ারম্যান মো. তৌহিদুল ইসলাম স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীদের এবং চমৎকার ও সময়োপযোগী লেকচার প্রদানের জন্য মিজ মিয়া সেপ্পোকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, বিশ্বের বিভিন্ন দেশে সহিংসতা, সংঘর্ষ, সন্ত্রাস ও জঙ্গী তৎপরতা এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জাতিসংঘ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এসব সন্ত্রাসী কর্মকাণ্ড বিশ্বে শান্তি প্রতিষ্ঠার অন্তরায় বলে তিনি উল্লেখ করেন।

রোহিঙ্গা প্রসঙ্গে উপাচার্য বলেন, প্রায় ১১ লক্ষ রোহিঙ্গার অবস্থানে বাংলাদেশের অভ্যন্তরীণ শান্তি ও নিরাপত্তা হুমকির মুখে পড়েছে। বাংলাদেশ সবসময়ে জাতিসংঘের সহযোগিতা পেয়ে আসছে উল্লেখ করে উপাচার্য রোহিঙ্গা সংকট মোকাবেলায়ও তাদের কার্যকরী সহযোগিতা থাকবে বলে আশা প্রকাশ করেন।

জাতিসংঘের আবাসিক কোঅর্ডিনেটর মিয়া সেপ্পো তাঁর বক্তব্যে সহিংসতা, সংঘর্ষ, সন্ত্রাস ও জঙ্গী তৎপরতা বন্ধে এবং মানবাধিকার প্রতিষ্ঠায় বাংলাদেশ সরকারের ভূমিকা, প্রতিশ্রুতি ও কার্যকরী পদক্ষেপের ভূয়সী প্রশংসা করেন।

আলোচনাপর্ব শেষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে ক্যাম্পাসে এক শান্তি র‌্যালি বের করা হয়।

বঙ্গবন্ধুর শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ এই প্রতিযোগিতার আয়োজন করে।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রতিযোগিতা আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুল হক উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। মূল্যবোধসম্পন্ন মানবসম্পদ তৈরীর ক্ষেত্রে ভূমিকা রাখার জন্য তিনি অভিভাবকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, নতুন প্রজন্মকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বাংলাদেশের ইতিহাস সম্পর্কে জানাতে হবে। তাহলে প্রত্যেক শিশু নিজেদের মানসপটে বঙ্গবন্ধু, তাঁর পরিবার ও বাংলাদেশের ছবি আঁকতে পারবে।

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে গত ২৭ আগস্ট ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় এই শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মোট তিনটি গ্রুপে শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রত্যেক গ্রুপের সেরা ১০জন করে মোট ৩০জন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হয়।

'ক' বিভাগে পুরস্কারপ্রাপ্তরা হলো- মো. মুসফিক শাহরিয়ার ইয়ামিন, এস এম শাহরিয়ার, আয়াত রুসদা আল সাদ, মো. আবরার, তাকিফ তাজওয়ার কিবরিয়া কৃতী, মো. তওসীফ রওনক, ইশমাম তাসদীক, মিথিলা ভৌমিক, জারিফ মেহমেদ ও মির্জা আযান। 'খ' বিভাগে পুরস্কারপ্রাপ্তরা হলো- যারীন তাসনিম হাসান, যাইফা তাসনিম, জারিন মাহমুদ, মো. রেজোয়ান আলম, নুরুল আফতাব, আরফান হোসেন আমান, হুমায়রা হাবিব অরনী, মুনতাকা ইসলাম, নাফিজা জারিন রাইসা ও সানজিদা তাবাচ্ছুম। 'গ' বিভাগে পুরস্কারপ্রাপ্তরা হলো- মো. আবিদ হোসেন, মো. আবীর ভূঁইয়া, ফাওজীয়া ফারিহা, মো. জাভেদ হাওলাদার রনি, নাদিয়া মেহজাবিন বর্ষা, হায়দার আমিন সিয়াম, প্রিয়ন্তী আমিন পিউ, অনন্যা চৌধুরী অর্পা, মেহেরুন নেসা ও সম্পা আক্তার।

২৯তম নাজমা জেসমিন চৌধুরী স্মারক বক্তৃতা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রয়াত শিক্ষক ড. নাজমা জেসমিন চৌধুরী স্মরণে ২৯তম স্মারক বক্তৃতা গত ১২ সেপ্টেম্বর ২০১৯ ইনস্টিটিউটের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশিষ্ট লেখক ও সাংবাদিক আবুল মোমেন 'শিশুর কথা শিক্ষার কথা' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন। ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠান সঞ্চালন করেন আধুনিক ভাষা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক মিসেস রূপা চক্রবর্তী। এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরীসহ ইনস্টিটিউটের শিক্ষকবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত শিক্ষক ড. নাজমা জেসমিন চৌধুরীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তিনি ছিলেন সাহিত্যের গবেষক। গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধসহ সাহিত্যের বিভিন্ন শাখায় তিনি অবদান রেখেছেন। শিশু সংগঠক হিসেবেও তিনি দায়িত্ব পালন করেন। শিশুদের পূর্ণাঙ্গ মানসিক বিকাশে শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন আনার ওপর গুরুত্বারোপ করে উপাচার্য বলেন, এ লক্ষ্যে সমন্বিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

অধ্যাপক নাজমা জেসমিন চৌধুরী স্মরণে প্রতিবছরের মত এবারও ইনস্টিটিউটের বিদেশি শিক্ষার্থীদের নিয়ে বাংলা রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বাংলা ভাষায় অধ্যয়নরত যুক্তরাষ্ট্রের একজন শিক্ষার্থী বিজয়ী হন। উপাচার্য বিজয়ী শিক্ষার্থীকে পদক ও সার্টিফিকেট প্রদান করেন।

ঢাবি-এ অধ্যাপক আবদুল মুকতাদির ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি

ঢাকা বিশ্ববিদ্যালয় 'অধ্যাপক আবদুল মুকতাদির ট্রাস্ট ফান্ড'-এর মূলধন বৃদ্ধির লক্ষ্যে প্রয়াত অধ্যাপক আবদুল মুকতাদিরের পরিবারের পক্ষ থেকে আবদুর রাকিব গত ১৭ সেপ্টেম্বর ২০১৯ ৫ লক্ষ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। বর্তমানে এই ট্রাস্ট ফান্ডের মূলধন দাঁড়াল ১৫ লক্ষ টাকা।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে ২০০৯ সালে ১০ লক্ষ টাকা প্রদানের মাধ্যমে এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠা করা হয়। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ৪জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল প্রভোস্ট অ্যাওয়ার্ড পেলেন ১১ শিক্ষার্থী

স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের ৭জন শিক্ষার্থী প্রভোস্ট অ্যাওয়ার্ড লাভ করেছেন। এছাড়া, সহশিক্ষা কার্যক্রমে সাফল্যের জন্য ৩জন শিক্ষার্থী, সামাজিক কর্মকাণ্ডের জন্য ১জন শিক্ষার্থী ও একটি সংগঠন প্রভোস্ট অ্যাওয়ার্ড লাভ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৫ সেপ্টেম্বর ২০১৯ হল মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন। হলের প্রভোস্ট অধ্যাপক ড. জিয়া রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. আবুল বারকাত অ্যাওয়ার্ড বক্তা হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, হলের আবাসিক শিক্ষক ড. এটিএম সামছুজ্জোহা, মাহমুদুর রহমান, হল সংসদের ভিপি মো. শরিফুল ইসলাম শাকিল, জিএস হাসিবুল হোসেন শান্ত ও এজিএস আব্দুল মমিন আবির বক্তৃতা করেন।

প্রভোস্ট অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন- মনিরুজ্জামান (আইন), মো. আমজাদ হোসেন (লোক প্রশাসন), আবু সুফিয়ান (রাষ্ট্র বিজ্ঞান), মোহাম্মদ সাঈদ ইসলাম (উন্নয়ন অধ্যয়ন), মো. সোহানুজ্জামান (বাংলা), আবু সালেম (দর্শন), মো. তানভীর হাবিব (আন্তর্জাতিক সম্পর্ক)। মো. আহসান হাবীব (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), কামরুল হাসান রানা (বাংলা), মো. হাসিব হাসান (দর্শন) এবং মো. জহিরুল ইসলাম (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)। এছাড়া, সামাজিক কর্মকাণ্ডের জন্য জিয়া হল ডিবেটিং ক্লাবকে প্রভোস্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গত ১৯ সেপ্টেম্বর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র থেকে এক র‍্যালি বের করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই র‍্যালির নেতৃত্ব দেন। এসময় সমিতির সভাপতি রায়হানুল ইসলাম আবির এবং সাধারণ সম্পাদক মাহদী আল মুহতাসিমসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের উদ্যোগে গত ২৯ আগস্ট ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন। এ সময় অন্যান্যের মাঝে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫